গান বাংলা টেলিভিশনের সম্প্রচার বন্ধ

written by Chandradip News24 | December 12, 2024

দেশের একমাত্র সংগীতভিত্তিক টেলিভিশন চ্যানেল গান বাংলা বুধবার (১১ ডিসেম্বর) দুপুর ১২টা থেকে সম্প্রচার বন্ধ করে দেওয়া হয়েছে। বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) কর্তৃপক্ষ চ্যানেলটির দীর্ঘদিনের স্যাটেলাইট ফি বকেয়া থাকার কারণে এই সিদ্ধান্ত নিয়েছে।

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের বিক্রয় ও বিপণন বিভাগের মহাব্যবস্থাপক শাহ আহমেদুল কবির জানান, চ্যানেলটির বকেয়া ফি বাবদ ১ কোটি ৬০ লাখ ৩২ হাজার টাকা পাওনা রয়েছে। বারবার চিঠি ও তাগিদ সত্ত্বেও বকেয়া পরিশোধে ব্যর্থ হওয়ায় চ্যানেলটির সম্প্রচার বন্ধ করা হয়েছে। তিনি আরও জানান, গান বাংলা কর্তৃপক্ষ বকেয়া পরিশোধ করলে পুনরায় সম্প্রচার চালু করা হবে।

গান বাংলার ব্যবস্থাপনা পরিচালক কৌশিক হোসেন তাপস এবং চেয়ারম্যান ফারজানা মুন্নীর সঙ্গে বিএসসিএলের কোনো যোগাযোগ

সম্ভব হয়নি বলে জানান সংশ্লিষ্টরা। চ্যানেলটির কার্যক্রমে মূলত তাপসের বাবা দেলোয়ার হোসেন রাজা সংশ্লিষ্ট ছিলেন। তিনি সম্প্রতি বিএসসিএলের সঙ্গে যোগাযোগ করেছেন, তবে সমস্যার সমাধান করতে পারেননি।

বিএসসিএলের প্রকাশিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বারবার তাগিদ দেওয়া সত্ত্বেও চ্যানেল কর্তৃপক্ষ বকেয়া পরিশোধ করেনি। তাই বাধ্য হয়ে সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে।

গান বাংলা টেলিভিশন বন্ধ হওয়ার বিষয়টি সংগীতপ্রেমীদের মধ্যে হতাশা সৃষ্টি করেছে। চ্যানেলটি তার ব্যতিক্রমী অনুষ্ঠান ও সংগীতশিল্পীদের প্রমোশনের জন্য প্রশংসিত ছিল।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম